



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

Ref:

Date: ৮ এপ্রিল ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা ও প্রতিবাদ

খাগড়াছড়ি সদর উপজেলার ১নং খাগড়াছড়ি ইউনিয়নের ২নং ওয়ার্ডের আকবাড়ি এলাকায় ঠ্যাঙাড়ে সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ সদস্যকে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ বুধবার (৮ এপ্রিল ২০২৬) ইউপিডিএফের খাগড়াছড়ি ইউনিটের সংগঠক অংগ্য মারমা সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানান।

বিবৃতিতে তিনি ঘটনার বিষয়ে বলেন, আজ (বুধবার) সকালে নিউটন চাকমাসহ ২ জন ইউপিডিএফ সদস্য সাংগঠনিক কাজে আকবাড়ি এলাকায় যান। তারা আকবাড়ি দোকানের পার্শ্ববর্তী স্থানে অবস্থানকালে রাষ্ট্রীয় বাহিনীর মদদপুষ্ট একদল ঠ্যাঙাড়ে সন্ত্রাসী তাদের ওপর অতর্কিতে সশস্ত্র হামলা চালায়। এতে একজন নিজেসঙ্গে রক্ষা করতে সক্ষম হলেও নিউটন চাকমা গুলিবিদ্ধ হয়ে ঘটনাস্থলে নিহত হন।

হামলাকারীরা মাইসছড়ির দিক থেকে মোটর সাইকেলযোগে গিয়ে এ হামলা সংঘটিত করে। অজিত চাকমার নেতৃত্বে হামলাকারীরা সংখ্যায় ৮ জন ছিল বলে স্থানীয়রা জানিয়েছেন।

নিহত ইউপিডিএফ সদস্য নিউটন চাকমা ওরফে নির্মল (৪৭)-এর পিতার নাম মৃত সোনাধন চাকমা। তার মূল গ্রাম-গবঘোনা, মগবান ইউনিয়ন, রাঙামাটি সদর উপজেলায়। তবে বর্তমানে তিনি খাগড়াছড়ির মহালছড়ি উপজেলার সদর ইউনিয়নের যৌথ খামার এলাকায় পরিবার নিয়ে বসবাস করেন।

বিবৃতিতে অংগ্য মারমা পাহাড়ে বৈ-সা-বি উৎসবের প্রাক্কালে এ হত্যার ঘটনাকে পরিকল্পিতভাবে পরিস্থিতি অস্থিতিশীল করার অপ্রয়াস মন্তব্য করে বলেন, পার্বত্য চট্টগ্রামে ঠ্যাঙাড়ে সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে রাষ্ট্রীয় একটি বিশেষ মহল আবারো খুন-খারাবি শুরু করতে চাচ্ছে। আজকের ইউপিডিএফ সদস্যকে হত্যার ঘটনা তারই অংশ।

বিবৃতিতে তিনি অবিলম্বে নিউটন চাকমা হত্যার ঘটনায় জড়িত অজিত চাকমাসহ সন্ত্রাসীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।